# ভোলায় বিএনপি-বিজেপি সংঘর্ষে পার্থর ক্ষোভ, জাতীয় ঐক্যের আহ্বান



সংগৃহীত ছবি

ভোলায় বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) কার্যালয়ে হামলা ও ভাঙচুরের ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন দলের চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। তিনি এ ঘটনাকে “দুঃখজনক ও হতাশাজনক” উল্লেখ করে বলেছেন, “জাতীয়তাবাদী শক্তির মধ্যে বিভাজন আমাদেরই ক্ষতি করবে— ঐক্যের বিকল্প নেই।”

শনিবার (১ নভেম্বর) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি বলেন, “আজ ভোলা সদরে আমাদের একটি বিশাল নির্বাচনী মিছিল অনুষ্ঠিত হয়, যেখানে হাজারো মানুষ অংশ নেন। শান্তিপূর্ণভাবে মিছিল শেষ হওয়ার পর কিছু নেতাকর্মী পার্টি অফিসে অবস্থান করছিলেন। ঠিক তখনই ঈর্ষান্বিত হয়ে বিএনপির চার থেকে পাঁচ শত নেতাকর্মী বিনা কারণে আমাদের ওপর হামলা চালায় এবং অফিস ভাঙচুর করে।”

তিনি আহত নেতাকর্মীদের ছবিও পোস্ট করে লেখেন, “এই ধরনের সহিংসতা জাতীয়তাবাদী রাজনৈতিক শক্তির ভাবমূর্তি নষ্ট করবে এবং এর প্রভাব সরাসরি নির্বাচনে পড়বে।”

এর আগে শনিবার দুপুরে ভোলা শহরের নতুন বাজার এলাকায় জেলা বিজেপির কার্যালয়ের সামনে বিএনপি ও বিজেপি নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ইটপাটকেল ও লাঠিসোঁটার আঘাতে পুলিশ, সাংবাদিক ও দুই দলের অন্তত ৫০ জন আহত হন। গুরুতর আহতদের ভোলা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষকে পূর্বপরিকল্পিত দাবি করে উভয় পক্ষই একে অপরকে দায়ী করেছে। তবে এখনো পর্যন্ত কোনো দল থানায় লিখিত অভিযোগ দেয়নি বলে জানিয়েছেন ভোলা থানার পুলিশ কর্মকর্তা।